জাতীয় সম্পদ গ্যাসের অপচয় রোধ করে জাতীয় দায়িত্ব পালন করুন।

বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার।

বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)

Bangladesh Oil, Gas and Mineral Corporation (Petrobangla)



স্মারক নম্বর: ২৮.০২.০০০০.০০০.০১১.২৬.০০২৭.২৬.৪৫৩

তারিখ: ১৪ আশ্বিন ১৪৩৩ / ২৯ সেপ্টেম্বর ২০২৬

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) এবং এর আওতাধীন কোম্পানিসমূহ যথা-বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স), বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড (বিজিএফসিএল), সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল), গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল), তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি (টিজিটিডিপিএলসি), বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (বিজিডিসিএল), কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (কেজিডিসিএল), পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড (পিজিসিএল), জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড (জেজিটিডিএসএল), সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল), রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড (আরপিজিসিএল) এবং বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)-এর নিম্নবর্ণিত শূন্যপদসমূহে লোকবল নিয়োগের নিমিত্ত নিম্নোক্ত শর্তাদি পূরণ সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://bogmc.teletalk.com.bd) দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্র: নং	পদের নাম, বেতনস্কেল ও গ্রেড	ডিসিপ্লিন	পদের সংখ্যা	প্রয়োজনীয় যোগ্যতা
১	সহকারী ব্যবস্থাপক (প্রশাসন) বেতনস্কেল: ৪৪০০০-১০৫৯০০/ (গ্রেড-৯)		পেট্রোবাংলা ১৪, কেজিডিসিএল ০২ বিজিএফসিএল ০১, পিজিসিএল ০১ এসজিএফএল ০৪, জেজিটিডিএসএল ০১ জিটিসিএল ০৬, এসজিসিএল ০১ টিজিটিডিপিএলসি ৪৩, আরপিজিসিএল ০২ বিজিডিসিএল ২০, বিসিএমসিএল ০২ মোট = ৯৭টি	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোনো বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা স্বীকৃত বোর্ড হতে এইচ.এস.সি. পরীক্ষা পাশের পর যে কোনো বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী শিক্ষা সমাপনী ডিগ্রি অথবা সমমানের ডিগ্রি।
২	সহকারী ব্যবস্থাপক (আইন) বেতনস্কেল: ৪৪০০০-১০৫৯০০/- (গ্রেড-৯)		এসজিএফএল ০২ জিটিসিএল ০৩ জেজিটিডিএসএল ০১ মোট = ০৬টি	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আইন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা স্বীকৃত বোর্ড হতে এইচ.এস.সি. পরীক্ষা পাশের পর আইন বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী শিক্ষা সমাপনী ডিগ্রি।
৩	সহকারী ব্যবস্থাপক (অর্থ) বেতনস্কেল: ৪৪০০০-১০৫৯০০/- (গ্রেড-৯)		পেট্রোবাংলা ০৪, টিজিটিডিপিএলসি ২৭ বিজিএফসিএল ০২, বিজিডিসিএল ০৯ এসজিএফএল ০৮, কেজিডিসিএল ০৩ জিটিসিএল ১০ মোট = ৬৩টি	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যিক বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা স্বীকৃত বোর্ড হতে এইচ.এস.সি. পরীক্ষা পাশের পর বাণিজ্যিক বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী শিক্ষা সমাপনী ডিগ্রি।
৪	সহকারী ব্যবস্থাপক (প্রকৌশল) বেতনস্কেল: ৪৪০০০-১০৫৯০০/- (গ্রেড-৯)	৪.১। মেকানিক্যাল	পেট্রোবাংলা ০১, বিজিডিসিএল ০৬ বাপেক্স ০২, কেজিডিসিএল ০৫ বিজিএফসিএল ০৫, পিজিসিএল ০১ এসজিএফএল ১০, জেজিটিডিএসএল ০৪ জিটিসিএল ১৩, এসজিসিএল ০১ টিজিটিডিপিএলসি ২৫, আরপিজিসিএল ০১ মোট = ৭৪টি	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিষয়ে বিএসসি-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রি; অথবা সরকার অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে উপর্যুক্ত বিষয় (ডিসিপ্লিন)-এ ৪ বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অর্জনের পর সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ৫ বছরের অভিজ্ঞতা।
		৪.২। ইলেকট্রিক্যাল	পেট্রোবাংলা ০১, টিজিটিডিপিএলসি ১৪ বাপেক্স ০৩, বিজিডিসিএল ০২ বিজিএফসিএল ০২, কেজিডিসিএল ০২ এসজিএফএল ১০, এসজিসিএল ০১ জিটিসিএল ১৩, আরপিজিসিএল ০১ মোট = ৪৯টি	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং / ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং / ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং / অ্যাপ্লাইড ফিজিক্স এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিষয়ে বিএসসি-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রি; অথবা সরকার অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে উপর্যুক্ত বিষয় (ডিসিপ্লিন)-এ ৪ বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অর্জনের পর সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ৫ বছরের অভিজ্ঞতা।

জাতীয় সম্পদ গ্যাসের অপচয় রোধ করে জাতীয় দায়িত্ব পালন করুন।

বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার।

বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)

Bangladesh Oil, Gas and Mineral Corporation (Petrobangla)



ক্র: নং	পদের নাম, বেতনস্কেল ও গ্রেড	ডিসিপ্লিন	পদের সংখ্যা				প্রয়োজনীয় যোগ্যতা
		৪.৩। সিভিল	পেট্রোবাংলা	০১	বিজিডিসিএল	০৪	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সিভিল ইঞ্জিনিয়ারিং / সিভিল এন্ড এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে বিএসসি-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রি; অথবা সরকার অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে উপর্যুক্ত বিষয় (ডিসিপ্লিন)-এ ৪ বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অর্জনের পর সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ৫ বছরের অভিজ্ঞতা।
			বাপেক্স	০২	কেজিডিসিএল	০৩	
			এসজিএফএল	০৬	পিজিসিএল	০১	
			জিটিসিএল	০৬	আরপিজিসিএল	০১	
			টিজিটিডিপিএলসি	১৬			
					মোট = ৪০টি		
		৪.৪। সিএসই / আইটি	বাপেক্স	০১	টিজিটিডিপিএলসি	১২	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার সায়েন্স এন্ড টেকনোলজি / ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং / সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং বিষয়ে বিএসসি-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রি; অথবা সরকার অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে উপর্যুক্ত বিষয় (ডিসিপ্লিন)-এ ৪ বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অর্জনের পর সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ৫ বছরের অভিজ্ঞতা।
			বিজিএফসিএল	০১	বিজিডিসিএল	০২	
			এসজিএফএল	০৪	পিজিসিএল	০২	
			জিটিসিএল	০২	জেজিটিডিএসএল	০১	
					মোট = ২৫টি		
		৪.৫। কেমিক্যাল	বাপেক্স	০৩	জিটিসিএল	০৪	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং / এপ্লাইড কেমিস্ট্রি এন্ড কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং / কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং এন্ড পলিমার সায়েন্স বিষয়ে বিএসসি-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রি; অথবা সরকার অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে উপর্যুক্ত বিষয় (ডিসিপ্লিন)-এ ৪ বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অর্জনের পর সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ৫ বছরের অভিজ্ঞতা।
			বিজিএফসিএল	০২	টিজিটিডিপিএলসি	০৮	
			এসজিএফএল	০৭	বিজিডিসিএল	০৩	
					মোট = ২৭টি		
		৪.৬। পেট্রোলিয়াম	পেট্রোবাংলা	০১			কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পেট্রোলিয়াম ইঞ্জিনিয়ারিং/ পেট্রোলিয়াম এন্ড মিনারেল রিসোর্সেস ইঞ্জিনিয়ারিং / পেট্রোলিয়াম এন্ড মাইনিং ইঞ্জিনিয়ারিং বিষয়ে বিএসসি-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রি; অথবা সরকার অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে উপর্যুক্ত বিষয় (ডিসিপ্লিন)-এ ৪ বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অর্জনের পর সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ৫ বছরের অভিজ্ঞতা।
			বাপেক্স	০২			
			বিজিএফসিএল	০১			
			এসজিএফএল	০৭			
			জিটিসিএল	০২			
			জেজিটিডিএসএল	০১			
				মোট = ১৪টি			
		৪.৭। আইপিই	বাপেক্স	০১			কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং / মেকাট্রনিক্স এন্ড ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং / ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং এন্ড ম্যানেজমেন্ট বিষয়ে বিএসসি-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রি; অথবা সরকার অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে উপর্যুক্ত বিষয় (ডিসিপ্লিন)-এ ৪ বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অর্জনের পর সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ৫ বছরের অভিজ্ঞতা।
			এসজিএফএল	০৩			
			বিজিডিসিএল	০৩			
			জেজিটিডিএসএল	০১			
				মোট = ০৮টি			

বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)
Bangladesh Oil, Gas and Mineral Corporation (Petrobangla)



ক্র: নং	পদের নাম, বেতনস্কেল ও গ্রেড	ডিসিপ্লিন	পদের সংখ্যা	প্রয়োজনীয় যোগ্যতা
		৪.৮। মেটালার্জি/ এমএমই	জিটিসিএল ০১ টিজিটিডিপিএলসি ০৪ বিজিডিসিএল ০২ মোট = ০৭টি	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে মেটেরিয়ালস এন্ড মেটালার্জিকাল ইঞ্জিনিয়ারিং/ মেটেরিয়ালস সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিষয়ে বিএসসি-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রি; অথবা সরকার অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে উপর্যুক্ত বিষয় (ডিসিপ্লিন)-এ ৪ বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অর্জনের পর সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ৫ বছরের অভিজ্ঞতা।
		৪.৯। ইলেকট্রনিক্স	বাপেক্স ০২ মোট = ০২টি	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইলেকট্রনিক্স / ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রনিক্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং / অ্যাপ্লাইড ফিজিক্স এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিষয়ে বিএসসি-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রি; অথবা সরকার অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে উপর্যুক্ত বিষয় (ডিসিপ্লিন)-এ ৪ বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অর্জনের পর সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ৫ বছরের অভিজ্ঞতা।
		৪.১০। অটোমোবাইল	বাপেক্স ০১ মোট = ০১টি	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং/ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং / মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিষয়ে বিএসসি-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রি; অথবা সরকার অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে উপর্যুক্ত বিষয় (ডিসিপ্লিন)-এ ৪ বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অর্জনের পর সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ৫ বছরের অভিজ্ঞতা।
৫	সহকারী ব্যবস্থাপক (জিওলজি) বেতনস্কেল: ৪৪০০০-১০৫৯০০/- (গ্রেড-৯)		পেট্রোবাংলা ০১ বাপেক্স ০৪ এসজিএফএল ০৭ মোট = ১২টি	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে জিওলজি/জিওলজি এন্ড মাইনিং/জিওলজিকাল সায়েন্স / জিওফিজিক্স বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা স্বীকৃত বোর্ড হতে এইচ.এস.সি পরীক্ষা পাশের পর উপর্যুক্ত বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী শিক্ষা সমাপনী ডিগ্রি।
৬	সহকারী ব্যবস্থাপক (জিওফিজিক্স) বেতনস্কেল: ৪৪০০০-১০৫৯০০/- (গ্রেড-৯)		পেট্রোবাংলা ০১ বাপেক্স ০১ মোট = ০২টি	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে জিওলজি / জিওলজি এন্ড মাইনিং / জিওলজিকাল সায়েন্স / জিওফিজিক্স / অ্যাপ্লাইড ফিজিক্স / ফিজিক্স বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। অ্যাপ্লাইড ফিজিক্স / ফিজিক্স বিষয়ে ডিগ্রীধারীদের ক্ষেত্রে স্নাতক বা স্নাতকোত্তর পর্যায়ে কমপক্ষে একটি বিষয় জিওলজি/ জিওফিজিক্স এবং জিওলজি বিষয়ে ডিগ্রীধারীদের ক্ষেত্রে স্নাতক বা স্নাতকোত্তর পর্যায়ে কমপক্ষে একটি বিষয় হিসেবে জিওফিজিক্স, ফিজিক্স ও ম্যাথ থাকতে হবে; অথবা স্বীকৃত বোর্ড হতে এইচ.এস.সি পরীক্ষা পাশের পর জিওলজি / জিওলজি এন্ড মাইনিং / জিওলজিকাল সায়েন্স / জিওফিজিক্স / অ্যাপ্লাইড ফিজিক্স / ফিজিক্স বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী শিক্ষা সমাপনী ডিগ্রি। অ্যাপ্লাইড ফিজিক্স / ফিজিক্স বিষয়ে ডিগ্রীধারীদের ক্ষেত্রে স্নাতক বা স্নাতকোত্তর পর্যায়ে কমপক্ষে একটি বিষয় জিওলজি/ জিওফিজিক্স এবং জিওলজি বিষয়ে ডিগ্রীধারীদের ক্ষেত্রে স্নাতক বা স্নাতকোত্তর পর্যায়ে কমপক্ষে একটি বিষয় হিসেবে জিওফিজিক্স, ফিজিক্স ও ম্যাথ থাকতে হবে।

বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)
Bangladesh Oil, Gas and Mineral Corporation (Petrobangla)

ক্র: নং	পদের নাম, বেতনস্কেল ও গ্রেড	ডিসিপ্লিন	পদের সংখ্যা	প্রয়োজনীয় যোগ্যতা
৭	সহকারী ব্যবস্থাপক (জিওকেমিক্যাল) বেতনস্কেল: ৪৪০০০-১০৫৯০০/- (গ্রেড-৯)		বাপেক্স ০১ মোট = ০১টি	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে জিওলজি / জিওলজি এন্ড মাইনিং / জিওলজিকাল সায়েন্স / জিওকেমিক্যাল / কেমিস্ট্রি/ এপ্লাইড কেমিস্ট্রি/ এপ্লাইড কেমিস্ট্রি এন্ড কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। কেমিস্ট্রি/ এপ্লাইড কেমিস্ট্রি/ এপ্লাইড কেমিস্ট্রি এন্ড কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে ডিগ্রীধারীদের ক্ষেত্রে স্নাতক বা স্নাতকোত্তর পর্যায়ে কমপক্ষে একটি বিষয় জিওলজি/ জিওকেমিস্ট্রি এবং জিওলজি বিষয়ে ডিগ্রীধারীদের ক্ষেত্রে স্নাতক বা স্নাতকোত্তর পর্যায়ে কমপক্ষে একটি বিষয় হিসেবে জিওকেমিস্ট্রি / কেমিস্ট্রি থাকতে হবে; অথবা স্বীকৃত বোর্ড হতে এইচ.এস.সি পরীক্ষা পাশের পর জিওলজি / জিওলজি এন্ড মাইনিং / জিওলজিকাল সায়েন্স / জিওকেমিক্যাল / জিওকেমিস্ট্রি / কেমিস্ট্রি/ এপ্লাইড কেমিস্ট্রি/ এপ্লাইড কেমিস্ট্রি এন্ড কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী শিক্ষা সমাপনী ডিগ্রি। কেমিস্ট্রি/ এপ্লাইড কেমিস্ট্রি/ এপ্লাইড কেমিস্ট্রি এন্ড কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে ডিগ্রীধারীদের ক্ষেত্রে স্নাতক বা স্নাতকোত্তর পর্যায়ে কমপক্ষে একটি বিষয় জিওলজি/ জিওকেমিস্ট্রি এবং জিওলজি বিষয়ে ডিগ্রীধারীদের ক্ষেত্রে স্নাতক বা স্নাতকোত্তর পর্যায়ে কমপক্ষে একটি বিষয় হিসেবে জিওকেমিস্ট্রি / কেমিস্ট্রি থাকতে হবে।
৮	সহকারী ব্যবস্থাপক (কেমিস্ট্রি) বেতনস্কেল: ৪৪০০০-১০৫৯০০/- (গ্রেড-৯)		বাপেক্স ০১ মোট = ০১টি	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কেমিস্ট্রি / এপ্লাইড কেমিস্ট্রি/ এপ্লাইড কেমিস্ট্রি এন্ড কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা স্বীকৃত বোর্ড হতে এইচ.এস.সি পরীক্ষা পাশের পর উপর্যুক্ত বিষয় (ডিসিপ্লিন)-এ ৪ (চার) বছর মেয়াদী শিক্ষা সমাপনী ডিগ্রি।
৯	সহকারী ব্যবস্থাপক (এনভায়রনমেন্ট) বেতনস্কেল: ৪৪০০০-১০৫৯০০/- (গ্রেড-৯)		বাপেক্স ০১ মোট = ০১টি	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে এনভায়রনমেন্টাল সায়েন্স / এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং/ ভূগোল ও পরিবেশ / ভূগোল ও পরিবেশ বিজ্ঞান সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা স্বীকৃত বোর্ড হতে এইচ.এস.সি পরীক্ষা পাশের পর উপর্যুক্ত বিষয় (ডিসিপ্লিন)-এ ৪ (চার) বছর মেয়াদী শিক্ষা সমাপনী ডিগ্রি।
১০	সহকারী ব্যবস্থাপক (চিকিৎসা) বেতনস্কেল: ৪৪০০০-১০৫৯০০/- (গ্রেড-৯)		পেট্রোবাংলা ০১ পিজিসিএল ০১ বিজিএফসিএল ০১ জেজিটিডিএসএল ০১ এসজিএফএল ০৪ এসজিসিএল ০১ জিটিসিএল ০১ আরপিজিসিএল ০১ টিজিটিডিপিএলসি ০২ বিসিএমসিএল ০১ বিজিডিসিএল ০১ মোট = ১৫টি	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয়/কলেজ হতে এমবিবিএস ডিগ্রি এবং বিএমডিসি-এর রেজিস্ট্রেশনভুক্ত হতে হবে।

বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)
Bangladesh Oil, Gas and Mineral Corporation (Petrobangla)



ক্র: নং	পদের নাম, বেতনস্কেল ও গ্রেড	ডিসিপ্লিন	পদের সংখ্যা	প্রয়োজনীয় যোগ্যতা
১১	সহকারী ড্রিলার বেতনস্কেল: ৪৪০০০-১০৫৯০০/- (গ্রেড-৯)		বাপেক্স ০১ মোট = ০১টি	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পেট্রোলিয়াম / মেকানিক্যাল / ইলেকট্রিক্যাল / ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন / পাওয়ার ইঞ্জিনিয়ারিং বিষয়ে বিএসসি-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রি; অথবা সরকার অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে পাওয়ার / মেকানিক্যাল / ইলেকট্রিক্যাল / মাইনিং টেকনোলজি বিষয়ে ০৪ বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অর্জনের পর সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ০৫ বছরের অভিজ্ঞতা।
১২	সহকারী ব্যবস্থাপক (কারিগরি) বেতনস্কেল: ৪৪০০০-১০৫৯০০/- (গ্রেড-৯)		টিজিটিডিপিএলসি ০৬ জেজিটিডিএসএল ০৫ মোট = ১১টি	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোনো বিষয়ে বিএসসি-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রি; অথবা কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান/কারিগরি বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা স্বীকৃত বোর্ড হতে এইচ.এস.সি পরীক্ষা পাশের পর বিজ্ঞান/কারিগরি বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী শিক্ষা সমাপনী ডিগ্রি। অথবা যে কোনো সরকার অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে ৪ বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অর্জনের পর সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ৫ বছরের অভিজ্ঞতা।
১৩	সহকারী কর্মকর্তা (প্রশাসন) বেতনস্কেল: ৩২০০০-৭৭৩০০/- (গ্রেড-১০)		বিজিএফসিএল ১৫ বিজিডিসিএল ০৬ এসজিএফএল ০৭ কেজিডিসিএল ০৭ জিটিসিএল ১৩ পিজিসিএল ০৩ টিজিটিডিপিএলসি ২০ আরপিজিসিএল ০২ মোট = ৭৩টি	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোনো বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা স্বীকৃত বোর্ড হতে এইচ.এস.সি. পরীক্ষা পাশের পর যে কোনো বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী শিক্ষা সমাপনী ডিগ্রি অথবা সমমানের ডিগ্রি; অথবা সরকারি / আধা-সরকারি / স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে প্রশাসনিক পদে ন্যূনতম ১৩তম গ্রেডে ৩ (তিন) বছরের চাকরির অভিজ্ঞতাসমেত যে কোনো বিষয়ে স্নাতক ডিগ্রি।
১৪	সহকারী কর্মকর্তা (আইন) বেতনস্কেল: ৩২০০০-৭৭৩০০/- (গ্রেড-১০)		এসজিএফএল ০১ জিটিসিএল ০৩ মোট = ০৪টি	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আইন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা স্বীকৃত বোর্ড হতে এইচ.এস.সি. পরীক্ষা পাশের পর আইন বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী শিক্ষা সমাপনী ডিগ্রি; অথবা সরকারি / আধা-সরকারি / স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে প্রশাসনিক পদে ন্যূনতম ১৩তম গ্রেডে ৩ (তিন) বছরের চাকরির অভিজ্ঞতাসমেত আইন বিষয়ে স্নাতক ডিগ্রি।
১৫	এ্যাসিস্ট্যান্ট লাইব্রেরিয়ান বেতনস্কেল: ৩২০০০-৭৭৩০০/- (গ্রেড-১০)		জিটিসিএল ০১ মোট = ০১টি	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইনফরমেশন সাইন্স এন্ড লাইব্রেরী ম্যানেজমেন্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা স্বীকৃত বোর্ড হতে এইচ.এস.সি. পরীক্ষা পাশের পর ইনফরমেশন সাইন্স এন্ড লাইব্রেরী ম্যানেজমেন্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী শিক্ষা সমাপনী ডিগ্রি; অথবা

বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)
Bangladesh Oil, Gas and Mineral Corporation (Petrobangla)

ক্র: নং	পদের নাম, বেতনস্কেল ও গ্রেড	ডিসিপ্লিন	পদের সংখ্যা	প্রয়োজনীয় যোগ্যতা
				সরকারি / আধা-সরকারি / স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে প্রশাসনিক পদে ন্যূনতম ১৩তম গ্রেডে ৩ (তিন) বছরের চাকরির অভিজ্ঞতাসমেত লাইব্রেরী ম্যানেজমেন্ট বিষয়ে স্নাতক ডিগ্রি।
১৬	সহকারী কর্মকর্তা (অর্থ) বেতনস্কেল: ৩২০০০-৭৭৩০০/- (গ্রেড-১০)		বিজিএফসিএল ১০ বিজিডিসিএল ০৭ এসজিএফএল ০৫ পিজিসিএল ০৪ জিটিসিএল ০৭ কেজিডিসিএল ০৭ টিজিটিডিপিএলসি ১১ এসজিসিএল ০২ মোট = ৫৩টি	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যিক বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা স্বীকৃত বোর্ড হতে এইচ.এস.সি. পরীক্ষা পাশের পর বাণিজ্যিক বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী শিক্ষা সমাপনী ডিগ্রি; অথবা সরকারি / আধা-সরকারি / স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে অর্থ সংশ্লিষ্ট পদে ন্যূনতম ১৩তম গ্রেডে ৩ (তিন) বছরের চাকরির অভিজ্ঞতাসমেত বাণিজ্যিক বিষয়ে স্নাতক ডিগ্রি।
১৭	উপ-সহকারী প্রকৌশলী বেতনস্কেল: ৩২০০০-৭৭৩০০/- (গ্রেড-১০) [শুধুমাত্র বিজিএফসিএল এর ক্ষেত্রে পদনাম-সহকারী কারিগরি কর্মকর্তা]	১৭.১। মেকানিক্যাল	বিজিএফসিএল ২০ বিজিডিসিএল ০৪ এসজিএফএল ০৬ কেজিডিসিএল ০২ জিটিসিএল ০৭ আরপিজিসিএল ০২ টিজিটিডিপিএলসি ১৫ মোট = ৫৬টি	মেকানিক্যাল টেকনোলজি বিষয়ে সরকার অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে ৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রি।
		১৭.২। ইলেকট্রিক্যাল	বিজিএফসিএল ১০ কেজিডিসিএল ০১ এসজিএফএল ০৫ পিজিসিএল ০১ জিটিসিএল ০৪ জেজিটিডিএসএল ০১ টিজিটিডিপিএলসি ০৭ আরপিজিসিএল ০১ বিজিডিসিএল ০২ মোট = ৩২টি	ইলেকট্রিক্যাল টেকনোলজি বিষয়ে সরকার অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে ৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রি।
		১৭.৩। সিভিল	বাপেক্স ০২ টিজিটিডিপিএলসি ১১ বিজিএফসিএল ০৫ বিজিডিসিএল ০৬ এসজিএফএল ০২ পিজিসিএল ০১ জিটিসিএল ০৩ আরপিজিসিএল ০১ মোট = ৩১টি	সিভিল টেকনোলজি বিষয়ে সরকার অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে ৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রি।
		১৭.৪। কম্পিউটার/ আইটি	টিজিটিডিপিএলসি ০৬ বিজিডিসিএল ০২ মোট = ০৮টি	কম্পিউটার টেকনোলজি বিষয়ে সরকার অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে ৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রি।
		১৭.৫। ইলেকট্রনিক্স	বাপেক্স ০১ পিজিসিএল ০১ জিটিসিএল ০১ মোট = ০৩টি	ইলেকট্রনিক্স টেকনোলজি বিষয়ে সরকার অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে ৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রি।
		১৭.৬। অটোমোবাইল	জিটিসিএল ০৩ বিজিডিসিএল ০২ টিজিটিডিপিএলসি ০৪ মোট = ০৯টি	অটোমোবাইল টেকনোলজি বিষয়ে সরকার অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে ৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রি।
		১৭.৭। কেমিক্যাল	বিজিএফসিএল ০৫ মোট = ০৫টি	কেমিক্যাল টেকনোলজি বিষয়ে সরকার অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে ৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রি।
		১৭.৮। পাওয়ার	জিটিসিএল ০২ পিজিসিএল ০১ টিজিটিডিপিএলসি ০২ মোট = ০৫টি	পাওয়ার টেকনোলজি বিষয়ে সরকার অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে ৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রি।
		১৭.৯। টেলিকম	জিটিসিএল ০১ মোট = ০১টি	টেলিকমিউনিকেশন টেকনোলজি বিষয়ে সরকার অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে ৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রি।

বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)
Bangladesh Oil, Gas and Mineral Corporation (Petrobangla)



ক্র: নং	পদের নাম, বেতনস্কেল ও গ্রেড	ডিসিপ্লিন	পদের সংখ্যা	প্রয়োজনীয় যোগ্যতা
১৮	ট্রেইনী ড্রিলার বেতনস্কেল: ৩২০০০-৭৭৩০০/- (গ্রেড-১০)		বাপেক্স ০৪ মোট = ০৪টি	পাওয়ার / মেকানিক্যাল / ইলেকট্রিক্যাল / মাইনিং টেকনোলজি বিষয়ে সরকার অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে ৪ বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রি; অথবা সরকারি / আধা-সরকারি / স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কারিগরি পদে ন্যূনতম ১৩তম গ্রেডে ৩ (তিন) বছরের চাকরির অভিজ্ঞতাসমেত উপর্যুক্ত বিষয় (ডিসিপ্লিন)-এ স্নাতক ডিগ্রি।
১৯	সহকারী কর্মকর্তা (কারিগরি)/ উপ-সহকারী কারিগরি কর্মকর্তা বেতনস্কেল: ৩২০০০-৭৭৩০০/- (গ্রেড-১০)		টিজিটিডিপিএলসি ০৫ বিজিডিসিএল ০৪ জেজিটিডিএসএল ০২ মোট = ১১টি	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান/কারিগরি বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা স্বীকৃত বোর্ড হতে এইচ.এস.সি পরীক্ষা পাশের পর বিজ্ঞান/কারিগরি বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী শিক্ষা সমাপনী ডিগ্রি অথবা সমমানের ডিগ্রি; অথবা সরকার অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে বিজ্ঞান/কারিগরি বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা ডিগ্রি; অথবা সরকারি / আধা-সরকারি/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কারিগরি পদে ন্যূনতম ১৩তম গ্রেডে ৩ (তিন) বছরের চাকরির অভিজ্ঞতাসমেত বিজ্ঞান/কারিগরি বিষয়ে স্নাতক ডিগ্রি।

অন্যান্য শর্তাবলি:

১। উপর্যুক্ত সকল পদে আবেদনের ক্ষেত্রে প্রার্থীদের প্রয়োজনীয় যোগ্যতায় উল্লিখিত কোনো পরীক্ষায় তৃতীয় শ্রেণি/বিভাগ বা সমমানের সিজিপিএ থাকলে আবেদন বিবেচিত হবে না।

২। সহকারী ব্যবস্থাপক (চিকিৎসা) পদে টিজিটিডিপিএলসি এ নিয়োগের জন্য নির্ধারিত ০২টি পদের মধ্যে ১টি পুরুষ এবং ১টি মহিলা প্রার্থী নিয়োগ প্রদান করা হবে।

৩। বয়সসীমা (age limit) :

(ক) সকল পদে আবেদনের জন্য প্রার্থীর বয়স ০১/০৯/২০২৬ খ্রি. তারিখে অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর হতে হবে।

(খ) বয়স প্রমাণের ক্ষেত্রে স্বীকৃত শিক্ষাবোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের পরীক্ষায় প্রাপ্ত সার্টিফিকেটে লিপিবদ্ধ জন্ম তারিখ প্রকৃত জন্ম তারিখ হিসেবে গণ্য করা হবে। জাতীয় পরিচয়পত্র (এনআইডি), জন্মসনদ ও এসএসসি/সমমানের পরীক্ষায় প্রাপ্ত সার্টিফিকেটে উল্লিখিত জন্ম তারিখ অভিন্ন হতে হবে।

(গ) বয়স সংক্রান্ত কোনো এফিডেভিট (affidavit) গ্রহণযোগ্য হবে না। চাকরিপ্রার্থীর বয়স কম বা বেশি হলে, আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৪। প্রার্থীদের অনলাইনে আবেদন করতে হবে। আবেদনপত্র দাখিলের নিয়মাবলি ও শর্তাবলি http://bogmc.teletalk.com.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। উল্লেখ্য, সরাসরি বা ডাকযোগে কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না। সরাসরি বা ডাকযোগে প্রেরিত সকল আবেদনপত্র বাতিল মর্মে গণ্য হবে।

৫। **অনলাইনে আবেদনপত্র পূরণ এবং পরীক্ষার ফি জমাদান শুরু ও শেষ হওয়ার তারিখ ও সময়:**

(ক) ১৮.১০.২০২৬ খ্রি. তারিখ সকাল ১০:০০ ঘটিকা থেকে আবেদনপত্র দাখিল এবং পরীক্ষার ফি জমাদান শুরু হবে।

(খ) ১৭.১১.২০২৬ খ্রি. তারিখ বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে আবেদনপত্র জমাদান অবশ্যই সম্পন্ন করতে হবে।

(গ) শুধুমাত্র User ID প্রাপ্ত প্রার্থীগণ উক্ত সময়ের পরবর্তী ৭২ ঘন্টা পর্যন্ত (অর্থাৎ ২০.১১.২০২৬ খ্রি. তারিখ বিকাল ০৫:০০ ঘটিকা পর্যন্ত) এসএমএস-এর মাধ্যমে ফি জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।

৬। **অনলাইনে আবেদন করার পদ্ধতি :**

(ক) চাকরিপ্রার্থীকে টেলিটক বাংলাদেশ লিঃ-এর web address (http://bogmc.teletalk.com.bd) অথবা বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)-এর web address (www.petrobangla.org.bd)-এর মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিপত্র নম্বর-০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪.০১, তারিখ: ২৯.১২.২০১৪ অনুযায়ী চাকরির আবেদনপত্রের মডেল ফরম অনুসরণে পেট্রোবাংলা কর্তৃক নির্ধারিত ফরমে আবেদনপত্র পূরণ করে Online Application কার্যক্রম এবং ফি জমা প্রদান করতে হবে।

বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)
Bangladesh Oil, Gas and Mineral Corporation (Petrobangla)

(খ) উল্লিখিত ওয়েবসাইট ওপেন করলে Advertisement, Instruction for Submitting Application এবং ৩৬ (ছত্রিশ) ক্যাটাগরির পদের জন্য নির্ধারিত application form (আবেদন ফরম)-এর রেডিও বাটন দেখা যাবে। Advertisement-এর রেডিও বাটন ক্লিক করলে বিজ্ঞাপন পাওয়া যাবে। বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)-এর web address (www.petrobangla.org.bd)-এ আবেদনপত্র পূরণের বিস্তারিত নির্দেশনা দেয়া আছে। ফরম পূরণের পূর্বে প্রার্থী instructions অংশটি download করে প্রতিটি নির্দেশনা ভালভাবে আয়ত্ত করে application form-এর প্রতিটি field-এ প্রদত্ত তথ্য/নির্দেশনা অনুসরণ করে ফরম পূরণ করবে। লাল তারকা চিহ্ন field-সমূহ অবশ্যই পূরণ করতে হবে। ফরমে জাতীয় পরিচয়পত্র (NID) নম্বর ও জন্ম নিবন্ধন নম্বর অবশ্যই দাখিল করতে হবে।

(গ) **প্রতিষ্ঠান পছন্দক্রম** : Online আবেদনে প্রার্থীকে নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত প্রত্যেক প্রতিষ্ঠানকে বিবেচনায় নিয়ে প্রতিষ্ঠান পছন্দের ক্রম নির্ধারণ করতে হবে। চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীগণকে তাদের অর্জিত মেধাক্রম এবং Online আবেদনে উল্লিখিত পছন্দক্রম অনুসারে শূন্য পদ থাকা সাপেক্ষে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে নিয়োগের জন্য মনোনীত করা হবে। আবেদন দাখিলের পর আবেদনকৃত প্রতিষ্ঠান পছন্দের ক্রম কোনো অবস্থাতেই পরিবর্তন যোগ্য নয়। তাই সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/কোম্পানির কাজের প্রকৃতি ও কর্মস্থল সম্পর্কে সম্যক ধারণা নিয়ে পছন্দক্রম নির্ধারণ করার জন্য বলা হলো। উল্লেখ্য, কোনো প্রার্থী কোনো প্রতিষ্ঠানে নিয়োগপ্রাপ্ত হলে পরবর্তীতে অন্য প্রতিষ্ঠানে মাইগ্রেশনের কোনো সুযোগ থাকবে না।

(ঘ) **ছবি (Photo)** : আবেদন ফরম (Application Form) সঠিকভাবে পূরণ সম্পন্ন হলে, Application ফরমটির Preview দেখা যাবে। Preview-এর নির্ধারিত স্থানে প্রার্থীকে নির্দিষ্ট মাপের নিজের **সম্প্রতি (আবেদন দাখিলের এক মাস পূর্ব পর্যন্ত) তোলা রঙিন ছবি** scan করে upload করতে হবে। সাদা-কালো ছবি গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য, ছবির আকার হতে হবে ৩০০x৩০০ Pixel (JPG Format), কোনোভাবেই এর কম/বেশি নয় এবং file size হবে সর্বোচ্চ ১০০ KB. উল্লিখিত মাপের ছবি না হলে, আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। সাইড ভিউ/সানগ্লাসসহ ছবি গ্রহণযোগ্য হবে না। Home Page-এর Help Menu-তে ক্লিক করলে Photo এবং Signature সম্পর্কে বিস্তারিত নির্দেশনা পাওয়া যাবে।

(ঙ) **স্বাক্ষর (Signature)** : application preview-তে স্বাক্ষরের জন্য নির্ধারিত স্থানে নিজের স্পষ্ট স্বাক্ষর scan করে upload করতে হবে। উল্লেখ্য, স্বাক্ষরের আকার হবে ৩০০x৮০ Pixel (JPG Format), কোনোভাবেই এর কম বা বেশি নয় এবং file size হবে সর্বোচ্চ ৬০ KB. উল্লিখিত নির্দেশনা অনুযায়ী প্রার্থীর নির্দিষ্ট মাপের ও স্পষ্ট স্বাক্ষর না হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

(চ) **ঘোষণা (Declaration)** : প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের (Application Form) ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হবে যে, আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো অনিয়মের আশ্রয় গ্রহণ করলে, পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল এবং ভবিষ্যতে পেট্রোবাংলা কর্তৃক তার বিরুদ্ধে যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(ছ) **এসএমএস পাঠানোর নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান** : অনলাইনে আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণপূর্বক নির্দেশনামতে ছবি এবং signature upload করে প্রার্থী কর্তৃক আবেদনপত্র submission সম্পন্ন হলে, কম্পিউটারে ছবিসহ Application Preview কপি দেখা যাবে। **Preview দেখে তথ্যাদি যাচাই করে সঠিকতা নিশ্চিত হয়ে আবেদনপত্র submit করতে হবে।** নির্ভুলভাবে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে, প্রার্থী একটি User ID-সহ ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি applicant's copy পাবে। উক্ত applicant's copy প্রার্থীকে প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করতে হবে। applicant's কপিতে একটি User ID দেওয়া থাকবে এবং User ID ব্যবহার করে টেলিটক বাংলাদেশ লিঃ কর্তৃক এসএমএস-এর মাধ্যমে প্রদত্ত নির্দেশনা অনুসারে প্রার্থীকে নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো টেলিটক প্রিপেইড মোবাইল নম্বরের মাধ্যমে SMS করে পরীক্ষার আবেদন ফি বাবদ ২০০ (দুইশত টাকা) ও টেলিটক এর কমিশন বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ২৩/-(তেইশ) টাকাসহ সর্বমোট ২২৩ (দুইশত তেইশ) টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিতে হবে। তবে সকল গ্রেডের পদের ক্ষেত্রে অনগ্রসর শ্রেণির (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) প্রার্থীরা আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ টাকা) ও টেলিটক এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/-(ছয়) টাকাসহ সর্বমোট ৫৬(ছাপ্পান্ন) টাকা জমা দিবেন।

(i) প্রথম SMS : BOGMC<space>User ID লিখে send করুন ১৬২২২ নম্বরে। Example : BOGMC M27313
Reply : Applicant's Name, Tk. 223 will be charged for Post's Name of BOGMC. Your pin is xxxxxxxx. To pay fee, type: BOGMC<space>YES<space>PIN and send to 16222

(ii) দ্বিতীয় SMS : BOGMC <space>YES<space>PIN লিখে send করুন ১৬২২২ নম্বরে।
Example : BOGMC YES 12345678
Reply: Congratulation. Applicant's Name, payment completed successfully for Post's Name of BOGMC. User ID: xxxxxxxx and Password: xxxxxxxx

বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)
Bangladesh Oil, Gas and Mineral Corporation (Petrobangla)

বিশেষভাবে উল্লেখ্য, আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submission করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত আবেদনপত্র কোনো অবস্থাতেই গ্রহণ করা হবে না।

(জ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bogmc.teletalk.com.bd অথবা বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)-এর ওয়েবসাইটে (www.petrobangla.org.bd) এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যু'র নাম ইত্যাদি তথ্যসংবলিত প্রবেশপত্র প্রার্থী download-পূর্বক **আবশ্যিকভাবে রঙিন প্রিন্ট** করে নিবেন। প্রার্থী এ প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে, মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(ঝ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত এসএমএস পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন। User ID জানা থাকলে, BOGMC<space>Help<space>User<space>User ID & sent to 16222.

Example: BOGMC HELP USER ABCDEF

PIN নম্বর জানা থাকলে, BOGMC<space> Help<space>PIN<space>PIN No. & send to 16222.

Example: BOGMC HELP PIN 12345678

(ঞ) Online-এ আবেদন সংক্রান্ত কোনো সমস্যা হলে ০১৯২০৪০০০৪৫/০১৬৭০৫১৮৬১৫/০১৫৩৩৮০১৩৮৮ নম্বরে, যে কোনো টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd, pb.rnt26@gmail.com ই-মেইলে যোগাযোগ করতে হবে।

৭। লিখিত পরীক্ষা ও মৌখিক পরীক্ষার নোটিশ প্রার্থীর মোবাইলে SMS-এর মাধ্যমে এবং পেট্রোবাংলার ওয়েবসাইট (www.petrobangla.org.bd)-এর মাধ্যমে জানানো হবে।

৮। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণপূর্বক নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় অনুমতিপত্র দাখিল করতে হবে।

৯। গ্রহণযোগ্য চাকরিপ্রার্থীদের লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্য থেকে ১:৬ অনুপাতে অর্থাৎ ১টি পদের বিপরীতে সর্বাধিক ৬জন প্রার্থীকে সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আহ্বান করা হবে। তবে, লিখিত পরীক্ষায় একই নম্বরপ্রাপ্ত একাধিক প্রার্থী হলে, তাদেরও সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আহ্বান করা হবে। প্রার্থীদের সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষা গ্রহণকালে নির্ধারিত আবেদন ফরমে সংশ্লিষ্ট প্রার্থীর উল্লিখিত তথ্য প্রমাণের জন্য আবশ্যিকভাবে নিম্নলিখিত কাগজপত্রাদি/সার্টিফিকেট-এর মূল কপি মৌখিক পরীক্ষা/সাক্ষাৎকার গ্রহণকারী সংশ্লিষ্ট কমিটি/কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করতে হবে এবং সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের ৯ম ও তদূর্ধ্ব গ্রেডভুক্ত (প্রথম শ্রেণি) কর্মকর্তা কর্তৃক সত্যায়িত একসেট ফটোকপি জমা দিতে হবে :

(ক) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (প্রয়োজনীয় ক্ষেত্রে)-এর সকল মূল সার্টিফিকেট;
(খ) সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের ৯ম ও তদূর্ধ্ব গ্রেডভুক্ত (প্রথম শ্রেণি) কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সার্টিফিকেট;
(গ) ইউনিয়ন পরিষদ-এর চেয়ারম্যান, পৌরসভা/সিটি কর্পোরেশন-এর মেয়র বা ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রার্থীর নিজ জেলা উল্লেখপূর্বক প্রদত্ত নাগরিকত্ব সার্টিফিকেট;
(ঘ) প্রার্থীর জাতীয় পরিচয়পত্র (এনআইডি) অথবা জন্ম নিবন্ধন সনদপত্র (প্রার্থী কর্তৃক চাকরির আবেদন ফরমে যে তথ্য প্রদান করা হবে);
(ঙ) আবেদনকারী বীরমুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার পুত্র-কন্যা হলে প্রমাণক হিসেবে আবেদনকারীকে (সংশ্লিষ্ট বীরমুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার গেজেট/ভারতীয় তালিকা/লাল মুক্তিবার্তা নম্বর/সাময়িক সনদের নম্বর ও তারিখ/বামুস সনদের নম্বর ও তারিখ উল্লেখপূর্বক) সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রমাণপত্র;
(চ) শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপপরিচালক/সমপদমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত সনদ অথবা সরকার নির্ধারিত উপযুক্ত কর্তৃপক্ষ হতে প্রদত্ত সনদ;
(ছ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত সনদ অথবা সরকার নির্ধারিত উপযুক্ত কর্তৃপক্ষ হতে প্রদত্ত সনদ;
(জ) 'O Level' এবং 'A Level' পাস প্রার্থীর ক্ষেত্রে বাংলাদেশের শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalent Certificate) এবং বিদেশি বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে দেশের শিক্ষা মন্ত্রণালয়/সংশ্লিষ্ট কোনো বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (UGC) থেকে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalent Certificate);
(ঝ) প্রার্থীর সদ্য তোলা তিন কপি পাসপোর্ট সাইজ ছবি;
(ঞ) Applicant's Copy এবং প্রবেশপত্র;
(ট) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র।

বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)
Bangladesh Oil, Gas and Mineral Corporation (Petrobangla)

১০। এ নিয়োগের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৩.০৭.২০২৪ খ্রি. তারিখের পরিপত্র নম্বর-০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪-১৪১ অনুযায়ী কোটা পদ্ধতি অনসৃত হবে।

১১। মেধাক্রমের ভিত্তিতে বিজ্ঞপ্তিতে উল্লিখিত মোট শূন্য পদের বিপরীতে ১:২ অনুপাতে প্রতিটি পদের জন্য কৃতকার্য প্রার্থীদের প্যানেল/অপেক্ষমাণ মেধা তালিকা সংরক্ষণ করা হবে।

১২। সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে কোনো প্রার্থী কোনো বিদেশি নাগরিককে বিবাহ করলে বা বিবাহ করতে প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদনের অযোগ্য বিবেচিত হবেন।

১৩। অসম্পূর্ণ/ভুল তথ্যসংবলিত/ত্রুটিপূর্ণ আবেদনপত্র কোনো কারণ প্রদর্শন ব্যতিরেকে সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৪। কোনো প্রার্থীর নিয়োগ লাভের পর তার প্রদত্ত কোনো তথ্য-উপাত্ত মিথ্যা বা অসত্য বা অমিল প্রমাণিত হলে, নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫। চূড়ান্তভাবে নিয়োগপ্রাপ্ত প্রার্থীদের চাকরি স্ব-স্ব প্রতিষ্ঠানের চাকরি প্রবিধানমালা অনুযায়ী পরিচালিত হবে। চূড়ান্তভাবে নিয়োগের ক্ষেত্রে মনোনীত প্রতিষ্ঠানের চাকরি প্রবিধানমালা অনুযায়ী পদনাম পরিবর্তিত হতে পারে।

১৬। চূড়ান্তভাবে নিয়োগপ্রাপ্ত প্রার্থীদের সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/কোম্পানির কাজের প্রকৃতি অনুযায়ী অধিক্ষেত্রাধীন যে কোনো এলাকায়/খনির ভূগর্ভে (মাইনিং কোম্পানিসমূহের ক্ষেত্রে) কাজ করতে হবে।

১৭। নিয়োগের বিষয়ে কোনো প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১৮। কোনো প্রার্থী একাধিক পদের জন্য আবেদন করলে, তার সকল আবেদনপত্র বাতিল বলে বিবেচিত হবে।

১৯। চাকরিপ্রার্থীর লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

২০। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোনো আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল এবং এ নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল/অকার্যকর করার এবং পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে। এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২১। উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে "বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) ও এর অধীন কোম্পানিসমূহে বিভিন্ন ক্যাডারে ৯ম ও ১০ম গ্রেডে কর্মকর্তা নিয়োগে কেন্দ্রীয়ভাবে প্রার্থী বাছাই নীতিমালা, ২০২৩ (সংশোধিত ২০২৬)"-এর বিধানাবলি, পেট্রোবাংলা ও এর অধীন কোম্পানিসমূহের চাকরি প্রবিধানমালা এবং জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত সংশ্লিষ্ট বিধি-বিধান প্রযোজ্য হবে।

২৯/০৭/২০২৬

মহাব্যবস্থাপক (প্রশাসন), পেট্রোবাংলা
ও
সদস্য-সচিব, সংশ্লিষ্ট কেন্দ্রীয় সিলেকশন কমিটি